গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.naogaon.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০৪.৬৪০০.০০০.৩৬.০০১.২৩-৫৪৭

তারিখ ঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর ২০২৩ রোজ বৃহস্পতিবার। সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যে কোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করবেন।

২। **মনোনয়পত্র দাখিলঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোানয়নপত্র দাখিল করবেন। নিম্নে বর্ণিত যথাযথ প্রক্রিয়ায় অনলাইনে পূরণ করে সাবমিট করতে হবেঃ

(১) **অনলাইনে মনোনয়নপত্র দাখিলঃ** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির (১) (খ), (২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরুপ পদ্ধতি অনুসরণ করতে হবেঃ

(ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য নির্বাচনের যোগ্য ব্যক্তিগণকে বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে www.ecs.gov.bd গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি মনোনয়নপত্র দাখিলের ওয়েবসাইটে https://onss.ecs.gov.bd যেতে হবে। ওয়েবপোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।

(খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রতেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের তৃতীয় খন্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খন্ডে উল্লেখ পূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ই-মেইলে প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, নওগাঁ জেলার ০৬ টি সংসদীয় আসনের [৪৬ নওগাঁ-১(পোরশা, সাপাহার ও নিয়ামতপুর), ৪৭ নওগাঁ-২ (পত্নীতলা ও ধামইরহাট), ৪৮ নওগাঁ-৩ (বদলগাছী ও মহাদেবপুর), ৪৯ নওগাঁ-৪ (মান্দা), ৫০ নওগাঁ-৫ (নওগাঁ সদর), ৫১ নওগাঁ-৬ (রাণীনগর ও আত্রাই)] সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ উপরের নিদের্শনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ বা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

১৬/১১/২০২৩
(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখঃ ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

নং-১৭.০৪.৬৪০০.০০০.৩৬.০০১.২৩-৫৪৭

তারিখ ঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়);
১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪। পুলিশ সুপার, নওগাঁ।
৫। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার ......(সকল), নওগাঁ (তাঁকে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। জেলা তথ্য অফিসার, নওগাঁ (তাঁকে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। উপজেলা নির্বাচন অফিসার.......... (সকল) নওগাঁ।
৯। সভাপতি/সম্পাদক, নওগাঁ প্রেস ক্লাব, নওগাঁ।
১০। নোটিশ বোর্ড ....।

১৬/১১/২০২৩
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
www.naogaon.gov.bd

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০৪.৬৪০০.০০০.৩৬.০০১.২৩-৫৪৮

তারিখ ঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। **পোস্টাল ব্যালটে ভোটদানঃ** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেনঃ

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;

(খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। **পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদনঃ** ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সুচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, নওগাঁ জেলার ০৬ টি সংসদীয় আসনের [৪৬ নওগাঁ-১(পোরশা, সাপাহার ও নিয়ামতপুর), ৪৭ নওগাঁ-২ (পত্নীতলা ও ধামইরহাট), ৪৮ নওগাঁ-৩ (বদলগাছী ও মহাদেবপুর), ৪৯ নওগাঁ-৪ (মান্দা), ৫০ নওগাঁ-৫ (নওগাঁ সদর), ৫১ নওগাঁ-৬ (রাণীনগর ও আত্রাই)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নিদের্শনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে পারবেন।

১৬/১১/২০২৩
(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখঃ | ১ | ৬ | দিন | ১ | ১ | মাস | ২ | ০ | ২ | ৩ | বৎসর

নং-১৭.০৪.৬৪০০.০০০.৩৬.০০১.২৩-৫৪৮

তারিখ ঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়);

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪। পুলিশ সুপার, নওগাঁ।
৫। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার ....(সকল), নওগাঁ (তাঁকে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। জেলা তথ্য অফিসার, নওগাঁ (তাঁকে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। উপজেলা নির্বাচন অফিসার........... (সকল) নওগাঁ।
৯। সভাপতি/সম্পাদক, নওগাঁ প্রেস ক্লাব, নওগাঁ।
১০। নোটিশ বোর্ড ....।

১৬/১১/২০২৩
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন